তারিখ ... 12 AUG 2015 ...
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

# পে-স্কেলের দাবিতে বিভিন্ন স্থানে শিক্ষকদের মানববন্ধন

যুগান্তর ডেস্ক

বেসরকারি শিক্ষক-কর্মচারীদের নতুন জাতীয় বেতন স্কেলে অন্তর্ভুক্তির দাবিতে ভোলা, পিরোজপুর ও দৌলতখানে মানববন্ধন ও সমাবেশ করেছে শিক্ষকরা। যুগান্তর প্রতিনিধিরা জানান—

**ভোলা :** বাংলাদেশ শিক্ষক সমিতির ব্যানারে শিক্ষকরা মানববন্ধন ও সমাবেশ করেছেন। এছাড়া জেলা প্রশাসককে স্মারকলিপি দিয়েছে কলেজ শিক্ষক সমিতি। এ সময় বক্তব্য দেন জেলা শিক্ষক সমিতির সভাপতি শাহ নেওয়াজ চন্দন, উপজেলা শিক্ষক সমিতির সভাপতি জাকির হোসেন তালুকদার, অধ্যক্ষ সফিয়া খাতুন, অধ্যক্ষ খালেদা খানম, প্রধান শিক্ষক আমির হোসেন, প্রধান শিক্ষক মেহেদী হাসান, প্রধান শিক্ষক আসীম সাহা, প্রধান শিক্ষক মো. ইব্রাহিম প্রমুখ।

**জিয়ানগর (পিরোজপুর) :** দুপুরে উপজেলার ইন্দুরকানী বাজারে অনুষ্ঠিত মানববন্ধনে উপস্থিত ছিলেন অধ্যাপক জাকারিয়া হোসেন, গীতিষ চন্দ্র, প্রধান শিক্ষক সেলিম, সমিতির উপজেলা সেক্রেটারি আ. হালিমসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শতাধিক শিক্ষক।

**দৌলতখান :** পৌর শহরের সদর রোডে অনুষ্ঠিত মানববন্ধনে বক্তব্য দেন অধ্যাপক শ ম ফারুক, ফরমুজল হক, আবু তাহের রতন, কামাল উদ্দিন, এমএ তাহের, ওবায়দুল্যাহ, হামিদুর রহমান টিপু, সোহরাব হোসেন, শওকত হোসেন, আহসান আল মামুন প্রমুখ।

**মঠবাড়িয়া :** কেন্দ্রীয় শহীদ মিনারের সম্মুখ সড়কে ঘণ্টাব্যাপী এ মানববন্ধনে শিক্ষক সমিতির সভাপতি এমএ কুদ্দুসের সভাপতিত্বে বক্তব্য দেন সাধারণ সম্পাদক আ. লতিফ সিকদার, প্রধান শিক্ষক রুহুল আমিন, কমল চন্দ্র বিশ্বাস, জহির খান, মো. খলিলুর রহমান, শিক্ষক আ. মালেক, হামিদুল ইসলাম হেলাল ও আল হেলাল প্রমুখ।

**ভান্ডারিয়া :** উপজেলা পরিষদ চত্বরে সামনের সড়কে মানববন্ধনে বক্তারা শিক্ষামন্ত্রীর সমালোচনা করে সরকারের কাছে সরকারি শিক্ষকদের সঙ্গে বে-সরকারি শিক্ষকদের পে-স্কেলে অন্তর্ভুক্তির দাবি করাসহ শিক্ষা ব্যবস্থা জাতীয়করণের দাবি জানান। প্রধান শিক্ষক শংকর দাসের সভাপতিত্বে বক্তব্য রাখেন, উপজেলা শিক্ষক সমিতির সভাপতি সত্য নারায়ন রায়, সাধারণ সম্পাদক হাফিজুর রহমান,